

জেলা শিশু কল্যাণ বোর্ড সভার কার্যবিবরণী।

সভাপতি : আবু সেলিম মাহমুদ-উল হাসান, জেলা প্রশাসক, ফেনী।
সভার তারিখ ও সময় : ২৬/৫/২০২২ খ্রি., সময়ঃ- দুপুর ১২.০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসক এর অফিস কক্ষ।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

আলোচ্য বিষয়ঃ-

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। অভিভাবকহীন একটি শিশুর লালন পালনের দায়িত্ব গ্রহণের জন্য প্রাপ্ত আবেদন বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৩। বিবিধ।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

নম্বর	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কোন পরিবর্তন নেই মর্মে সদস্যগণ মত ব্যক্ত করেন।	বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ফেনী।
২।	সদস্য সচিব জানান ফেনী রেলওয়ে স্টেশনে ভূমিষ্ঠ হবার পর মা'সহ নবজাতককে বিগত ২০/৩/২০২২ খ্রি. তারিখে সহায় নামক সংগঠন কর্তৃক ফেনী সদর হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে শিশুটি সদর হাসপাতালে ৪০৯ নং কক্ষে ভর্তি আছে। জানা যায় নবজাতকের মাতা মানসিক প্রতিবন্ধী। নবজাতককে হাসপাতালে রেখে মা সকলের অগোচরে হাসপাতাল ত্যাগ করেন যাকে পরবর্তীতে আর খুঁজে পাওয়া যায়নি। রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যালয়, ফেনী হতে প্রতি সপ্তাহে শিশুর জন্য খাদ্য ও আর্থিক সহায়তা দেয়া হচ্ছে। গত ১০/৪/২০২২খ্রি. তারিখে ৩৫৬ সংখ্যক স্মারক মূলে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় হতে নিম্নরূপ ০৭টি আবেদন পাওয়া যায়। ১) রেজিয়া আক্তার (বয়স-২৫), স্বামী-মামুন (বয়স-৩৫), নাজু মহাজন বাড়ি, মধ্যম লক্ষীপুর, লক্ষরহাট, ফেনী। ২) জামাল উদ্দিন (বয়স-৪৮), পিতা-মমতাজ উদ্দিন, মাতা-করিমুল নেছা, অশ্বদিয়া, ফকিরহাট, কাজিরবাগ, ফেনী। ৩) সিমা আক্তার (বয়স-২২), পিতা- মির হোসেন, মাতা- বরনা আক্তার, স্বামী-মো: আইয়ুব আলী (বয়স-৩৩), উত্তর কাউতলী, ডাকঘর-বটতলী, উপজেলা-পরশুরাম, ফেনী। ৪) জামাল উদ্দিন (বয়স-৫০), পিতা- আবদুল মান্নান, নোয়াপুর, চিওড়া, চৌদ্দগ্রাম, কুমিল্লা, পক্ষে এরশাদ উল্যাহ, পিতা- মৃত এরশাদ উল্যাহ ৫) মর্জিনা আক্তার (বয়স-৩০), স্বামী-আলাউদ্দিন, ছোট ধলিয়া, ২নং ওয়াড, পাঁচগাছিয়া ইউনিয়ন, ফেনী। ৬) মোহছেনা বেগম (বয়স- ৪২), স্বামী- ওবায়দুল হক (বয়স-৫৫), গ্রাম- শ্রীচন্দ্রপুর, ডাক: পূর্ব-চন্দ্রপুর, ফুলগাজী, ফেনী। ৭) বিলকিছ আরা, ঠিকানা বিহীন বর্ণিত চিঠির নির্দেশনা ও প্রাপ্ত আবেদনসমূহের প্রেক্ষিতে প্রবেশন অফিসার শিশু আইন ২০১৩ এর ধারা ৯২ অনুসারে একটি যাচাই প্রতিবেদন দাখিল করেন। যা অদ্যকার সভায় উপস্থাপন করা হলো। ০৭ জন আবেদনকারীর মধ্যে ০২ জন ক্রমিক ০৫ ও ০৬ উপস্থিত হন। উপস্থিত ০২ জন আবেদনকারীর সাক্ষাতকার গ্রহণ করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি তার বক্তব্যে বলেন পরবর্তীতে উপযুক্ত ব্যক্তি ও সংস্থার সহযোগিতা নিয়ে যোগ্য ব্যক্তিদের নিকট হতে আবেদন আহ্বান করতে হবে।	শিশু সন্তানটিকে লালন পালনে উপযুক্ত অভিভাবক না পাওয়ায় পরবর্তীতে ব্যাপক যাচাই বাছাইয়ের মাধ্যমে যোগ্য ব্যক্তির নিকট হতে আবেদন গ্রহণের মাধ্যমে শিশুটিকে বিকল্প পরিচর্যা প্রেরণের নিমিত্তে পরবর্তী সভার মাধ্যমে শিশুটিকে হস্তান্তর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ফেনী।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবু সেলিম মাহমুদ-উল হাসান)
জেলা প্রশাসক, ফেনী

ও

সভাপতি

জেলা শিশু কল্যাণ বোর্ড, ফেনী।